

## ব্ল্যাক বোর্ড

## আই টি উইজ

টাটা কনসালটেন্সি সার্ভিস বা টি সি এস, আই টি সেক্টরে এক উল্লেখযোগ্য নাম। প্রতি বছরের মতোই এবছরও আই টি কুইজের আয়োজন করেছে এই প্রতিষ্ঠান। কুইজের নাম আই টি উইজ। ভারতের বিভিন্ন স্কুল এই কুইজে যোগ দেয়। আগামী বুধবার, ২ সেপ্টেম্বর ২০০৯ কলকাতার কলামন্দিরে এই কুইজের আয়োজন করেছে টি সি এস। টি সি এস এই সংক্রান্ত একটা ওয়েবসাইটও খুলেছে। গত জুলাই মাসে টি সি এস আই টি উইজ বাঙ্গালোরে অনুষ্ঠিত হয়। আগামী কয়েক মাসে এই অনুষ্ঠান চেন্নাই, হায়দরাবাদ, কোয়েম্বাটোর, দিল্লি, কোচি, লখনউ, আহমেদাবাদ ও পুনের মতো শহরে অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতায় বিজয়ী প্রার্থীদের ল্যাপটপ দেওয়া হবে। রানার্স আপ-রা পাবে ক্যামেরা ও ডিজিটাল ফটো ফ্রেম। এছাড়াও ছ'জন ফাইনালিস্টকে টি সি এস-এর तरফে ব্যাকপ্যাক, এম পি থ্রি প্লেয়ার, ঘড়ি ইত্যাদি নানা ধরনের পুরস্কার দেওয়া হবে। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীরা এই কুইজ প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে। কোনও ফি বা চার্জ লাগবে না। তবে প্রথম ৫০০টি রেজিস্টার্ড টিম এই প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে। একটি স্কুলের तरফে একাধিক দল অংশ নিতে পারে। যোগাযোগ: website: [www.tcsitwiz.com](http://www.tcsitwiz.com)

কমলিনী চক্রবর্তী